

মাধ্যমিক ও উচ্চ শিক্ষাসংক্রান্ত স্থায়ীকমিটির সভার কার্যবিবরণী-০৭

সভাপতি : মোঃ আসাদুজ্জামান, ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাপাসিয়া, গাজীপুর
স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ
তারিখ : ১৩/১২/২০২১খ্রিঃ
সময় : বেলা ৩.০০ ঘটিকা


উপস্থিত সদস্যগণের নামের তালিকা ক্রমানুসারে পরিশিষ্ট 'ক'তে সংযুক্ত

সভাপতি উপস্থিত সকল স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর আলোচ্য সূচি অনুযায়ী সভার কাজ পরিচালনার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ জানান।

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভার আলোচ্য সূচিমোতাবেক বিষয় গুলো পর্যায়ক্রমে উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনা পর্যালোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।


আলোচ্যসূচী	আলোচনা	সিদ্ধান্তগ্রহণ	বাস্তবায়নকারী/অগ্রায়নকারী
১। পূর্ববর্তী সভার কার্যবিবরণী দৃষ্টিকরণ প্রসঙ্গে	বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়।	পূর্ববর্তী সভার কার্যবিবরণীতে কোনরূপ সংশোধন, সংযোজন ও পরিমার্জন সংক্রান্ত প্রস্তাবনা থাকায় উহা দৃষ্টিকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	স্থায়ী কমিটির সভাপতি
২। মাধ্যমিক বিদ্যালয়ে সাংস্কৃতিক চর্চা বৃদ্ধি	সাংস্কৃতিক চর্চা শিক্ষার অবিচ্ছেদ্য অংশ। শিক্ষার্থীদেরকে সাংস্কৃতিকমনা হিসেবে গড়ে তোলার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।	প্রতিটি মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষার্থীদের মাঝে বাদ্যযন্ত্র ও নৃত্য পোষাক সরবরাহের সিদ্ধান্ত হয়।	উপজেলা পরিষদ/ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
৩। শরীরচর্চা শিক্ষকদের প্রশিক্ষণ	শিক্ষা প্রতিষ্ঠানে সহকারি শিক্ষক (শরীরচর্চা) দের তুলনামূলক ভাবে বিষয় ভিত্তিক প্রশিক্ষণ কম থাকে। ফলে শরীরচর্চা শিক্ষকগণের অনেক বিষয়ই অজানা থাকে। বিষয়টি সভায় বিস্তারিত আলোচনা হয়।	সহকারি শিক্ষক শরীরচর্চাদের বিশেষ প্রশিক্ষণের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা পরিষদ/ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
৪। গ্রামীণ/শীতকালীন খেলাধুলার সামগ্রী ক্রয়	উপজেলার প্রত্যন্ত অঞ্চলের প্রতিষ্ঠানগুলোতে খেলাধুলার পর্যাপ্ত সামগ্রী না থাকায় শিক্ষার্থীদের মাঝে খেলাধুলায় অনগ্রহের সৃষ্টি হচ্ছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।	গ্রামীণ প্রতিষ্ঠান গুলোতে শীত কালীন খেলাধুলার সামগ্রী সরবরাহের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা পরিষদ
৫। Flag Stand এর জন্য SS Stand সরবরাহ	শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় পতাকার স্ট্যান্ড সাধারণত বাঁশ অথবা জি.আই পাইপ ব্যবহার করা হয়। এগুলো কিছুদিন পর নষ্ট হয়ে যায়। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।	শিক্ষা প্রতিষ্ঠানে SS Flag Stand সরবরাহ সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা পরিষদ
৬। স্বাস্থ্যবিধি অনুসরণ	শিক্ষার্থীদের স্বাস্থ্যবিধি অনুসরণ করার অভ্যাসগত পরিবর্তন আনয়ন বিষয়ে সভায় আলোচনা করা হয়।	মাস্ক ও সেনিটেশন সরবরাহের সিদ্ধান্ত হয়।	উপজেলা পরিষদ/ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মোঃ আবদুস সালাম)
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
ও

সদস্য সচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষাসংক্রান্ত স্থায়ী কমিটি
কাপাসিয়া, গাজীপুর



(মোঃ আসাদুজ্জামান)
ভাইস চেয়ারম্যান
ও

সভাপতি
মাধ্যমিক ও উচ্চ শিক্ষাসংক্রান্ত স্থায়ী কমিটি
কাপাসিয়া, গাজীপুর